দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 01 MAY 1995
পৃষ্ঠা ৪ কলাম ৪

16

## বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে ক্লাস বৃদ্ধির আবেদন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে এসএসসি প্রোগ্রাম চালু হওয়ায় এ দেশের মানুষের শিক্ষার পথ সুগম হয়েছে তা বলার অপেক্ষা রাখে না। বর্তমানে প্রতি মাসে দু'টি ক্লাস করানো হয়। স্কুলের শিক্ষকরা সময়ের অভাবে দ্রুত কোর্স সম্পূর্ণ করার জন্য প্রস্তুতি নিয়েছেন। যার পরিপ্রেক্ষিতে অনেক ছাত্রছাত্রীর পুস্তকের পড়াগুলো বুঝার অসুবিধা হচ্ছে। যদি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ মাসে চারটি ক্লাস রাখতেন, তাহলে স্কুলের শিক্ষকরা ধীরে ধীরে কোর্স সম্পূর্ণ করতে পারতেন এবং সকল ছাত্রছাত্রীর পড়াশোনার যথেষ্ট উন্নতি হতো। আর যদি অল্প সময়ের মধ্যে শিক্ষকরা কোর্স সম্পূর্ণ করে তাহলে ছাত্রছাত্রীদের বিশ্ববিদ্যালয় কর্তৃক দেয় পুস্তকের পড়াগুলো তারা ভালভাবে বুঝতে পারবে না এবং পরীক্ষায় কৃতকার্য হওয়া তাদের বড়ই কঠিন হয়ে পড়বে। এ প্রোগ্রামে অধ্যয়নরত অনেক ছাত্রছাত্রী আছে যারা অনেকে চাকরিজীবী। সময়ের অভাবে তারা রীতিমতো টিভি বা রেডিও'র প্রোগ্রাম দেখতে এবং শুনতে পারে না ও অর্থাভাবে অনেকে প্রাইভেট পড়তেও পারে না। আমাদের দরকার ক্লাসের শিক্ষকের কাছ থেকে ভালভাবে শিক্ষা গ্রহণ করা।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে এসএসসি প্রোগ্রাম চালু করায় এ দেশের বিভিন্ন পেশাজীবী লোকের শিক্ষার পথ সুগম হয়েছে। এ শিক্ষার পথ আরও সুদীর্ঘ করার লক্ষ্যে মাসে আরও দু'টি ক্লাস বৃদ্ধি করা একান্ত প্রয়োজন। এতে আমরা পুস্তকের পড়াগুলো ভালভাবে বুঝতে পারব এবং পরীক্ষায় সকল ছাত্রছাত্রী ভালভাবে কৃতকার্য হতে পারব। এই আশা ব্যক্ত করে মাসে আরও দু'টি ক্লাস বৃদ্ধি করার জন্য মাননীয় ডীনের কাছে আবেদন জানাচ্ছি।

**মোঃ হাবিবুর রহমান**
টিউটোরিয়েল কেন্দ্র
ধানমন্ডি গভর্নমেন্ট বয়েজ হাই স্কুল, ঢাকা।